দৈনিক ইনকিলাব

তারিখ ... 19 MAY 1989
পৃষ্ঠা ... ৭

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

044

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## শিক্ষা মন্ত্রণালয়

নং শাঃ১২/১৩-২/৮৯/১৫৪(৫০)-শিক্ষা তারিখঃ ১১-৫-১৯৮৯ ইং / ২৮-১-১৩৯৬ বাং

**বিষয়ঃ স্নাতকোত্তর পর্যায়ে জাপান মনবসু বৃত্তির অধীনে ১৯৯০ শিক্ষাবর্ষে অধ্যয়নের জন্য দরখাস্ত আহবান**

জাপান সরকারের মনবসু বৃত্তির অধীনে ১৯৯০ শিক্ষাবর্ষে নিম্নোক্ত বিষয়সমূহে স্নাতকোত্তর পর্যায়ে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। কেবলমাত্র উল্লিখিত শর্তাবলী পূরণে সক্ষম প্রার্থীরাই আবেদন করতে পারবেনঃ

| ক্রমিক নং | বিষয়/ক্ষেত্র | আসন সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| (১) | মেডিক্যাল সায়েন্স | ৫টি (ইহার মধ্যে একটি নিউরোলজী একটি নেফরোলজীর জন্য) | এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগসহ নিয়মিত ওএমবিবিএস পাস। |
| (২) | ডেন্টেস্ট্রি | ১টি | এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগসহ নিয়মিত বিডিএস পাস। |
| (৩) | কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | ১টি | এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগসহ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রী। |
| (৪) | ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং | ১টি | এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগসহ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রী। |

২। ১-৪-৯০ ইং তারিখে প্রার্থীর বয়সসীমা ৩৫ বৎসরের উর্ধ্বে হতে পারবে না।

৩। নির্বাচিত প্রার্থীদের অবশ্যই জাপানের ভাষা শিখতে এবং জাপানী ভাষায় পাঠ নিতে হবে।

৪। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ফটোসহ পরীক্ষার সার্টিফিকেট/মার্কসীট ও শিক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্রের ফটোকপি দুই সেট (সত্যায়িত করা) ইত্যাদিসহ সাদা কাগজে নিম্নোক্ত বিবরণ সম্বলিত দরখাস্ত আগামী ১৫-৬-৮৯ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাইতে হবে। প্রার্থীরা বাংলাদেশ সচিবালয়ের ৫ নং গেটে অভ্যর্থনা কক্ষে রক্ষিত কাঠের বাক্সে দরখাস্ত করতে পারেন। সর্বশেষ তারিখের পরে প্রাপ্ত এবং অসম্পূর্ণ দরখাস্তসমূহ আপনা হতে বাতিল গণ্য হবে।

৫। কোন ব্যক্তি একাধিক বিষয়ে প্রার্থী হতে পারবেন না।

৬। চাকুরীরত প্রার্থীরা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করবেন।

৭। যাহারা ইতিপূর্বে সরকারী বৃত্তিতে তিন মাস বা তদূর্ধ্ব সময় পর্যন্ত বিদেশে অধ্যয়ন করিয়াছেন এবং দেশে ফেরার পর এখনও ৫ বৎসর অবস্থান/চাকুরী পূর্ণ হয়নি, তাদের দরখাস্ত করার প্রয়োজন নেই।

৮। ইচ্ছাকৃতভাবে মিথ্যা বিবরণ/তথ্য প্রদানকারীর বিরুদ্ধে দণ্ড বিধি অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

জাপান মনবসু বৃত্তি (স্নাতকোত্তর পর্যায়ে) ১৯৯০ সালের জন্য দরখাস্ত ফরমের নমুনা

১। নাম (বড় অক্ষরে) :
২। পিতার/স্বামীর নাম :
৩। (ক) জন্ম তারিখ :
(খ) ১-১-৯০ ইং তারিখে সঠিক বয়স :
৪। বর্তমান ঠিকানা (কর্মরত হইলে পদবী ও কর্মরত প্রতিষ্ঠানের নামসহ) :
টেলিফোন নম্বর (যদি থাকে) :
টেলিগ্রাম অফিস :
৫। স্থায়ী ঠিকানা :
৬। শিক্ষাগত যোগ্যতা :
(ক) বোর্ড ও শিক্ষা প্রতিষ্ঠানের নামসহ উত্তীর্ণ পরীক্ষাসমূহ :
(খ) শ্রেণী/বিভাগসহ পরীক্ষায় উত্তীর্ণের বৎসর :
(গ) ক্রমিক নং/রেজিস্ট্রেশন :
(ঘ) মোট নম্বর ও প্রাপ্ত শতকরা নম্বরের হার :
(ঙ) গবেষণা কাজের তালিকা ও প্রকাশনা (যদি থাকে) :
৭। অধ্যয়নের জন্য পরার্থীত বিষয় :
৮। প্রার্থীর স্বাক্ষর :

ডিএফপি-(স)৮৭৬৯/১৩-৫
জি—২০৪৫/৮৯

(টি, সি, চাকমা),
উর্ধ্বতন সহকারী সচিব।